43

আজকের কাগজ

তারিখ 03 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ২

# বিজ্ঞানে ক্যাডেট আর সমাজ বিজ্ঞানে সাধারণ স্কুলগুলো ভালো করেছে

কাগজ ডেস্ক ঃ গতকাল বেরিয়েছে যশোর বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল। সাধারণ বিজ্ঞান এবং সমাজ বিজ্ঞান এই দুইটি বিভাগে আলাদা আলাদাভাবে মেধা তালিকা প্রকাশিত হয়েছে। সাধারণ বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় ৩৭ জন এবং সমাজ বিজ্ঞান বিভাগে আরো ৩৭ জনের নামের তালিকা প্রকাশিত হয়েছে। মেধা তালিকায় ক্রমিক নম্বর ২০ পর্যন্ত হলেও একই ক্রমিকে একাধিক নাম থাকায় প্রতি বিভাগের ৩৭ জন করে দু'বিভাগে মোট ৭৪ জনের নাম এসেছে। সাধারণ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় সবচে' ভালো ফল করেছে বরিশাল ক্যাডেট কলেজ এবং ঝিনাইদহ ক্যাডেট কলেজ। তালিকার ৩৭টি নামের ২১টিই তারা দখল করেছে। এর মধ্যে বরিশাল ক্যাডেট কলেজ ১ম স্থান থেকে ৬ষ্ঠ স্থানসহ মোট ১৩টি স্থান দখল করেছে। আর ঝিনাইদহ ক্যাডেট কলেজ ৮টি স্থান পেয়েছে। বাকি ১৬টি স্থান পেয়েছে বিভিন্ন সরকারি ও বেসরকারি স্কুলগুলো। এদের মধ্যে খুলনা জেলা স্কুল ৪টি এবং বাগেরহাট সরকারি মাধ্যমিক স্কুল ৩টি স্থান পেয়েছে।

এদিকে সমাজ বিজ্ঞান বিভাগের মেধা তালিকার দিকে লক্ষ্য করলে দেখা যায় এ বিভাগে ক্যাডেট কলেজগুলোর ভরাডুবি হয়েছে। এখানে বরিশাল ক্যাডেট কলেজ এবং ঝিনাইদহ ক্যাডেট কলেজ উভয়ে মিলে মোট ৩৭টি স্থানের মধ্যে ২টি করে মোট ৪টি স্থান পেয়েছে। সরকারি এবং বেসরকারি স্কুলগুলো এ বিভাগে চমৎকার ফল করেছে। তারা ৩৭টির মধ্যে ৩৩টি স্থান দখল করে। এর মধ্যে সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় (যশোর) ৩টি, গলাচিপা মাধ্যমিক বালিকা বিদ্যালয় ৩টি, খুলনা জেলা স্কুল ২টি, রোটারী স্কুল খুলনা ২টি, সেন্ট জোসেফ উচ্চ বিদ্যালয় (খুলনা) ২টি এবং বাকিরা ১টি করে স্থান পেয়েছে। এ বিভাগে মেধা তালিকায় ১ম স্থান পেয়েছে মাগুরা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়।